

স্মারক নং-ইইউবি/অতি:রেজিঃ/স্টুঃঅ্যাঃ/২০২৪-৩৯৫

তারিখঃ ৩০ অক্টোবর ২০২৪ খ্রি.

অফিস আদেশ

বিষয়ঃ “কেন্দ্রীয় ছাত্র কল্যাণ ক্লাব” নির্বাচনের জন্য ‘নির্বাচন কমিশন’ গঠন।

ইউরোপিয়ান ইউনিভার্সিটি কর্তৃপক্ষ শিক্ষার্থী প্রতিনিধিদের সাথে আলাপ-আলোচনা করে এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, অবিলম্বে অত্র বিশ্ববিদ্যালয়ের ফল সেমিস্টার ২০২৪ এর ছাত্র-ছাত্রীদের প্রত্যক্ষ ভোটে “কেন্দ্রীয় ছাত্র কল্যাণ ক্লাব” এর নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা সমন্বয়ে ৫ সদস্য-বিশিষ্ট নিম্নরূপ ‘নির্বাচন কমিশন’ গঠন করা হলোঃ

ক্রমিক নং	নাম	পদবী ও বিভাগ	কমিশনে অবস্থান
১	জনাব মোঃ ইমদাদুল হক	উপদেষ্টা (ছাত্র কল্যাণ)	প্রধান নির্বাচন কমিশনার
২	জনাব আবদুল্লাহ আল নাফিস	সহকারী অধ্যাপক ব্যবসায় প্রশাসন	নির্বাচন কমিশনার
৩	জনাব রুবাব আহম্মেদ	সহকারী অধ্যাপক ইইই	নির্বাচন কমিশনার
৪	জনাব মোঃ জসিম উদ্দিন	প্রভাষক আইন	নির্বাচন কমিশনার
৫	জনাব মোঃ আবদুল্লাহ আল মামুন	উর্ধ্বতন সহকারী রেজিস্ট্রার	নির্বাচন কমিশনার

০২. কমিশনের কর্ম পরিধি (Terms of Reference):

ক. প্রস্তাবিত কেন্দ্রীয় ছাত্র কল্যাণ ক্লাব এর গঠনতন্ত্র প্রণয়ন।

খ. কেন্দ্রীয় ছাত্র-কল্যাণ ক্লাবের অফিস বেয়ারার এর পদ সংখ্যা নির্ধারণ (পদের নামসহ)।

গ. নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্যতা নির্ধারণ, মনোনয়নপত্র প্রস্তুত, ভোটার হওয়ার যোগ্যতা নির্ধারণ ও খসড়া ভোটার তালিকা প্রণয়ন ও চূড়ান্তকরণসহ নির্বাচনের যাবতীয় প্রস্তুতিমূলক কাজ সম্পন্নকরণ।

ঘ. প্রার্থীদের মনোনয়নপত্র প্রস্তুত ও মনোনয়নপত্র গ্রহণ, নির্বাচন কমিশন কর্তৃক মনোনয়নপত্র যাচাই-বাছাই, আপত্তির বিষয়ে আপীল গ্রহণ এবং আপীল শুনানি ও চূড়ান্তকরণ, পদ ভিত্তিক চূড়ান্ত প্রতিযোগীদের তালিকা প্রকাশ, নির্বাচনী প্রতীক বরাদ্দ (যদি প্রয়োজন হয়), নির্বাচনের তারিখ ঘোষণা, ভোট গ্রহণের শুরু ও শেষ সময়



Mailing Address :

Permanent Campus: 2/4. Gabtoli, Mirpur, Dhaka-1216.

www.eub.edu.bd, E-mail: info@eub.edu.bd


নির্ধারণ, ভোট গণনা, ফলাফল ঘোষণা এবং ফলাফল সংক্রান্ত আপীল নিষ্পত্তিসহ নির্বাচনের তফশিল প্রণয়ন ও নির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত সকল দায়িত্ব পালন।

ঙ. নির্বাচনের প্রচার কৌশল নির্ধারণ।

চ. কমিশনের বিবেচনায় প্রয়োজ্য বিবেচিত হলে অন্যান্য কার্যক্রম গ্রহণ ও নিষ্পত্তি।

০৩. নির্বাচন পরিচালনা সংক্রান্ত অন্য কোন বিষয়ে কমিশন প্রয়োজনে মাননীয় উপাচার্যসহ অন্যান্য কর্মকর্তা এবং ছাত্র প্রতিনিধিদের সাথে আলোচনা করতে পারেন।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কাম্য।


মো. ইউনুসুর রহমান
রেজিস্ট্রার, ইইউবি

প্রাপকঃ ক. উপদেষ্টা (ছাত্র কল্যাণ) ও
প্রধান নির্বাচন কমিশনার


খ. সকল কমিশনার,
নির্বাচন কমিশন

স্মারক নং-ইইউবি/অতি:রেজিঃ/স্টুঃঅ্যাঃ/২০২৪-৩৯৫

তারিখঃ ৩০ অক্টোবর ২০২৪ খ্রি.

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন ও অবগতির জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ড্রেজারার, ইইউবি।
- ২। সকল বিভাগীয় চেয়ারম্যান ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান (সকল অনুষদ সদস্যকে অবহিত করার অনুরোধসহ), ইইউবি।
- ৩। সকল বিভাগীয় প্রধান, ইইউবি।
- ৪। অতিরিক্ত রেজিস্ট্রার, ক্লাস্টার-১ ও ২, ইইউবি।
- ৫। চীফ মেডিক্যাল অফিসার, ইইউবি।
- ৬। উপদেষ্টা (ছাত্র-কল্যাণ), ইইউবি।
- ৭। পরীক্ষা নিয়ন্ত্রক, ইইউবি।
- ৮। পরিচালক, প্রোগ্রাম কো-অর্ডিনেশন/ এফডিই/ভর্তি শাখা/প্রকিউরমেন্ট অ্যান্ড ইনভেন্টরি ম্যানেজমেন্ট/ আইকিউএসি, ইইউবি।
- ৯। কো-অর্ডিনেশন ম্যানেজার, ক্লাস্টার ১, ইইউবি।
- ১০। প্রক্টর, ইইউবি।
- ১১। ম্যানেজার, হিসাব শাখা, ক্লাস্টার ১ ও ২ (অফিস আদেশের মর্মার্থ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) ইইউবি।
- ১২। উপ-গ্রন্থাগারিক, ইইউবি।
- ১৩। ডেপুটি পরীক্ষা নিয়ন্ত্রক, ক্লাস্টার-২, ইইউবি।
- ১৪। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, ক্লাস্টার-১, ইইউবি।
- ১৫। সহকারী ম্যানেজার, লাইব্রেরী ও মডিউল আর্কাইভ, ইইউবি।
- ১৬। সহকারী ম্যানেজার, প্রোগ্রাম কো-অর্ডিনেশন, ক্লাস্টার-২, ইইউবি।
- ১৭। সিনিয়র পি. এস. টু চেয়ারম্যান (বিওটি) ও রেজিস্ট্রার (চেয়ারম্যান ও রেজিস্ট্রার মহোদয়ের দৃষ্টিগোচর করার অনুরোধসহ), ইইউবি।
- ১৮। পি. এস. টু ভিসি (ভিসি মহোদয়ের দৃষ্টিগোচর করার অনুরোধসহ), ইইউবি।
- ১৯। সিনিয়র আইটি অফিসার, (বিশ্ববিদ্যালয়ের ফেসবুক এবং স্টুডেন্টস পোর্টালে আপলোড করার অনুরোধসহ), ইইউবি।
- ২০। সিনিয়র প্রোগ্রাম কো-অর্ডিনেশন অফিসার, ক্লাস্টার-৩, ইইউবি।
- ২১। লজিস্টিক অফিসার, ইইউবি।
- ২২। নিরাপত্তা সুপারভাইজার, ইইউবি।
- ২৩। সকল নোটিশ বোর্ড।
- ২৪। অফিস নথি।


ড. এস. এম. জোবায়ের এনামুল করিম
অতিরিক্ত রেজিস্ট্রার, ইইউবি